

১) বিকল্পগুলি থেকে ঠিক উত্তরটি নির্বাচন করে লেখো : ১x৩=৩

১.১) নিরক্ষরেখার সাপেক্ষে ভারত অবস্থিত –

- (ক) উত্তর গোলার্ধে
- (খ) দক্ষিণ গোলার্ধে
- (গ) পূর্ব গোলার্ধে
- (ঘ) পশ্চিম গোলার্ধে

উত্তর: নিরক্ষরেখার সাপেক্ষে ভারত অবস্থিত – (ক) উত্তর গোলার্ধে

১.২) ভূ-গোলে একে একটি অক্ষরেখা একটি দ্রাঘিমাংসকে যত ডিগ্রি কোণে ছেদ করে তা হলো –

- (ক) 0°
- (খ) 90°
- (গ) 60°
- (ঘ) 30°

উত্তর: ভূ-গোলে একে একটি অক্ষরেখা একটি দ্রাঘিমাংসকে যত ডিগ্রি কোণে ছেদ করে তা হলো – (খ) 90°

১.৩) ভূ-গোলে অঙ্কিত প্রত্যেকটি দ্রাঘিমাংস –

- (ক) উপবৃত্ত
- (খ) পূর্ণবৃত্ত
- (গ) অর্ধবৃত্ত
- (ঘ) সরলরৈখিক

উত্তর: ভূ-গোলে অঙ্কিত প্রত্যেকটি দ্রাঘিমাংস – গ) অর্ধবৃত্ত

২.১) শূন্যস্থান পূরণ করো : $1 \times 2 = 2$

২.১.১) 1° দ্রাঘিমা ঘুরতে পৃথিবীর সময় লাগে _____ ঘণ্টা।

উত্তর: 1° দ্রাঘিমা ঘুরতে পৃথিবীর সময় লাগে **4 মিনিট**

২.১.২) দুটি দ্রাঘিমার মধ্যে দূরত্ব _____ উপর সবচেয়ে বেশি।

উত্তর: দুটি দ্রাঘিমার মধ্যে দূরত্ব **নিরক্ষরেখা** উপর সবচেয়ে বেশি

২.২) 'ক' স্তম্ভের সঙ্গে 'খ' স্তম্ভ মেলাও : $1 \times 3 = 3$

'ক' স্তম্ভ	'খ' স্তম্ভ
২.২.১) $23^\circ 30'$ উ:	১) মূলমধ্যরেখা
২.২.২) 0°	২) ভারতের প্রমাণ সময়
২.২.৩) $82^\circ 30'$ পূ:	৩) কর্কটক্রান্তি রেখা

উত্তর:

'ক' স্তম্ভ	'খ' স্তম্ভ
২.২.১) $23^\circ 30'$ উ:	৩) কর্কটক্রান্তি রেখা
২.২.২) 0°	১) মূলমধ্যরেখা
২.২.৩) $82^\circ 30'$ পূ:	২) ভারতের প্রমাণ সময়

৩) নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : $2 \times 2 = 4$

৩.১) অক্ষরেখা কাকে বলে?

উত্তর: নিরক্ষরেখার উভয়দিকে নিরক্ষরেখার সমান্তরালভাবে পৃথিবীর পূর্বদিক থেকে পশ্চিমদিকে ১০ পরপর যে ৯০টি পরস্পর সমান্তরাল যে সমস্ত রেখাবৃত্ত কল্পনা করা হয়েছে তাদের প্রতিটিকে অক্ষরেখা বলে।

৩.২) GPS-এর দুটি উপযোগিতা উল্লেখ করো।

উত্তর: GPS বিভিন্ন কাজে ব্যবহার করা হয়। যেমন –

- i) অবস্থান নির্ণয়-GPS এর সাহায্যে পৃথিবীর যে কোনো স্থানের অবস্থান খুব নিখুঁতভাবে জানা যায়।
- ii) মানচিত্র তৈরি-বিভিন্ন দেশের সীমানা চিহ্নিতকরণে ও বিভিন্ন প্রকার মানচিত্র তৈরিতে GPS ব্যবহার করা হয়।
- iii) ট্রেনের গতিবেগ নির্ণয়-যেকোনো স্থান থেকে ট্রেনের গতিবিধি সম্পর্কে জানার জন্য GPS ব্যবহার করা হয়। Future Point

৪) নীচের প্রশ্নটির উত্তর দাও : ৩x১=৩

অক্ষরেখা ও দ্রাঘিমা রেখার মধ্যে তিনটি পার্থক্য লেখো।

উত্তর:

অক্ষরেখা	দ্রাঘিমা রেখা
(১) একই অক্ষাংশ বিশিষ্ট রেখাকে অক্ষরেখা বলে।	(১) একই দ্রাঘিমাংশ বিশিষ্ট রেখাকে দ্রাঘিমা রেখা বলে।
(২) অক্ষরেখাগুলো নিরক্ষরেখা এবং নিজেদের মধ্যে সর্বদা সমান্তরালভাবে অবস্থিত থাকে।	(২) দ্রাঘিমা রেখাগুলো পরস্পরের মধ্যে মধ্যে সর্বদা সমান্তরালভাবে বিন্যস্ত থাকে না, কারণ প্রতিটি দ্রাঘিমা রেখা উত্তর ও দক্ষিণ মেরুতে পরস্পরের সঙ্গে মিলিত হয়েছে।
৩) সমাক্ষরেখাগুলো পূর্ণবৃত্ত।	(৩) দ্রাঘিমা রেখাগুলো অর্ধবৃত্ত।
(৪) অক্ষরেখাগুলো পৃথিবীর পূর্ব-পশ্চিমে বিস্তৃত।	(৪) দ্রাঘিমা রেখাগুলো পৃথিবীর উত্তর-দক্ষিণে বিস্তৃত।

৫) নীচের প্রশ্নটির উত্তর দাও: ৫x১=৫

চিত্রসহ কোনাে স্থানের দ্রাঘিমা নির্ণয়ের পদ্ধতিটি লেখাে।

উত্তর:

৫) নীচের প্রশ্নটির উত্তর দাও: $৫ \times ১ = ৫$

চিত্রসহ কোনাে স্থানের দ্রাঘিমা নির্ণয়ের পদ্ধতিটি লেখাে।